

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)
রাজশাহী শাখা, ৭০/৭১, মিয়াপাড়া, ২য় তলা, সাহেব বাজার, রাজশাহী।

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স এ.কে.সি. ব্রিকস নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের প্রোপ্রাইটর জনাব মোঃ আব্দুর রহিম, পিতা- মৃত হাজী আব্দুল গনি মিয়া, ঠিকানাঃ ললিতাহার (কমলাপুর), ওয়ার্ড নম্বর-০৯, পোঃ খড়খড়ি, থানা-বোয়ালিয়া, জেলা- রাজশাহী কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে ঋণগ্রহীতা জনাব মোঃ আব্দুর রহিম তাহার মালিকানাধীন নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৩/০৫/২০১৭ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা ১,০২,৬০,২৭৪.২৮ (এক কোটি দুই লাখ ষাট হাজার দুই শত চুয়ান্নের টাকা আটশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

- (১) জেলাঃ নাটোর, থানাঃ নাটোর সদর, মৌজাঃ বড় হড়িশপুর, এস এ খতিয়ান নং- ১১০৬, ৯৪৬, ৭৭; আর এস খতিয়ান নং- ৫২৫, ২৮; এস এ দাগ নং- ১৩৪২, ১৩৪৩, ১৩৪৫; আর এস দাগ নং- ১৪৪৭, ১৪৪৬, ১৪৩০; জমির পরিমাণঃ ৪০.৫০ শতাংশ এবং তদুপরিস্থিত ০২ (দুই) তলা ভবন, পেট্রোল পাম্প শেড, ৩ (তিন) টি ডিজেল ডিসপেন্সার, ১ (এক) টি অস্টেন ডিসপেন্সার।
- (২) জেলাঃ নাটোর, থানাঃ নাটোর সদর, মৌজাঃ বড় হড়িশপুর, এস এ খতিয়ান নং- ১১৫৬; আর এস খতিয়ান নং- ৬৯৪; এস এ দাগ নং- ১১১; আর এস দাগ নং- ১২৬; জমির পরিমাণঃ ৭.০০ শতাংশ।
- (৩) জেলাঃ নাটোর, থানাঃ নাটোর সদর, মৌজাঃ বড় হড়িশপুর, এস এ খতিয়ান নং- ৪৬৬; আর এস খতিয়ান নং- ১২২; এস এ দাগ নং- ২৫; আর এস দাগ নং- ৭৯; জমির পরিমাণঃ ৫৫.০০ শতাংশ।
- (৪) জেলাঃ নাটোর, থানাঃ নাটোর সদর, মৌজাঃ বড় হড়িশপুর, এস এ খতিয়ান নং- ৪৬৩; আর এস খতিয়ান নং- ৬০; এস এ দাগ নং- ১৫, ১৭; আর এস দাগ নং- ৬, ৭৮; জমির পরিমাণঃ ৯২.০০ শতাংশ।
- (৫) জেলাঃ নাটোর, থানাঃ নাটোর সদর, মৌজাঃ বড় হড়িশপুর, এস এ খতিয়ান নং- ৫৫১; আর এস খতিয়ান নং- ৩১০; এস এ দাগ নং- ১৪; আর এস দাগ নং- ৫; জমির পরিমাণঃ ৩৬.০০ শতাংশ।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ৩০/০৫/২০১৭ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখায় রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব, স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, রাজশাহী শাখা, রাজশাহী।